The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 920 | 01 May 2026 | শুক্রবার ১৮ বৈশাখ ১৪৩২


Britney Spears enters rehab after arrest on suspicion of driving under the influence
→ Page 19

Queens to host free fan World Cup watch party
→ Page 19



Momentum in the U.S. with High-Impact Performances
→ Page 18

Trump not happy with latest Iran proposal to end the war
→ Page 19


# জামায়াতকে টার্গেট করে বিএনপি সরব

মাসুদ করিম, *ঢাকা থেকে*



মুক্তিযুদ্ধে রাজাকারদের নিষ্ঠুরতার জন্যে জাতীয় সংসদে জামায়াতে ইসলামীকে দায়ী করে সরব এখন বিএনপি। জাতীয় সংসদে বিএনপি'র একাধিক এমপি প্রায় অভিন্ন সুরে একাত্তর সালে মহান মুক্তিযুদ্ধকালে জামায়াতের ভূমিকার জন্যে তাদেরকে ধিক্কার জানান। বিএনপি এমপিদের বক্তব্য ছিলো আক্রমনাত্মক। রাষ্ট্রপতির ভাষণের ওপর আলোচনার সুযোগ নিয়ে কিশোরগঞ্জ থেকে নির্বাচিত এমপি ফজলুর রহমান তার স্টাইলে বক্তব্য রাখেন। এছাড়াও, স্বাস্থ্যমন্ত্রী সরদার সাখাওয়াত হোসেন বকুল প্রায় একই সুরে বক্তব্য রাখেন। প্রায় একই ভাষায় বক্তব্য রেখেছেন গয়েশ্বর চন্দ্র রায়। বিএনপি তাদের দীর্ঘদিনের মিত্র জামায়াতে ইসলামীকে মুক্তিযুদ্ধকালের ভূমিকার মতো স্পর্শকাতর ইস্যুতে হঠাৎ টার্গেট করলো কেন এই প্রশ্নে এখন রাজনৈতিক মহলে আলোচনা চলছে। ড. মুহাম্মদ ইউনূসের শাসনকালে অনেকে মুক্তিযুদ্ধকে চব্বিশের আন্দোলনের সঙ্গে তুলনা করেন। বিএনপি নেতারা এই তুলনাকে সঠিক নয় বলে মনে করেন। এ প্রসঙ্গে ফজলুর রহমানের বিখ্যাত মন্তব্য হলো, 'হিমালয়ের সঙ্গে টিলার তুলনা করবেন না'।

গত ২৮ এপ্রিল জাতীয় সংসদে রাষ্ট্রপতির ভাষণের ওপর ধন্যবাদ প্রস্তাবের আলোচনায় অংশ নিয়ে কিশোরগঞ্জ-৪ আসনের বিএনপি দলীয় সংসদ সদস্য ও বীর মুক্তিযোদ্ধা ফজলুর এরপর ২৯ পৃষ্ঠায়



## জামিল লিমনের মরদেহ দেশে পাঠানো হচ্ছে



আজকাল রিপোর্ট

ফ্লোরিডার টাম্পায় হিলসবোরো কাউন্টি শেরিফের কার্যালয় গত ২৮ এপ্রিল নিহত জামিল লিমনের মরদেহ আনুষ্ঠানিকভাবে ফিউনারেল কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হয়। এই হস্তান্তরের মধ্য দিয়ে জামিলের মরদেহ বাংলাদেশে ফিরিয়ে নেওয়ার প্রক্রিয়া চলছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই কাজের জন্য ২ লাখ ডলার এরপর ২৯ পৃষ্ঠায়

## ট্রাম্পের 'মার্কিন নাগরিকত্বের আবেদন যাচাইয়ে স্থগিতাদেশ' অবৈধ : আদালত

আজকাল রিপোর্ট

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নিষেধাজ্ঞার তালিকায় থাকা বেশ কয়েকটি দেশের নাগরিকদের জন্য যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব, গ্রিনকার্ড এবং স্থায়ী বসবাসের অনুমতি পাওয়াকে কঠিন করে তুলতে যেসব নীতি অবলম্বন করছে এরপর ২৯ পৃষ্ঠায়

## পাসপোর্টে যুক্ত হচ্ছে ট্রাম্পের ছবি

আজকাল রিপোর্ট



পররাষ্ট্র মন্ত্রণালয় জানায়, যুক্তরাষ্ট্রের স্বাধীনতার ঘোষণাপত্রের ২৫০তম বার্ষিকী উপলক্ষে সীমিত সংস্করণের বিশেষ পাসপোর্ট চালু করা হবে। প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্পের ছবি শিগগিরই যুক্তরাষ্ট্রের ওই পাসপোর্টে যুক্ত করা হবে। গত মঙ্গলবার এ কথা জানিয়েছেন কর্মকর্তারা। এর মাধ্যমে সরকারি প্রতিষ্ঠানে নিজের ব্যক্তিগত ছাপ বসানোর এরপর ৩৯ পৃষ্ঠায়

## সু চি এখন গৃহবন্দী



আজকাল রিপোর্ট

মিয়ানমারের সাবেক নেত্রী অং সান সু চিকে কারাগার থেকে গৃহবন্দী হিসেবে স্থানান্তর করা হয়েছে বলে দেশটির রাষ্ট্রীয় গণমাধ্যম জানিয়েছে।এর আগে গত শুক্রবার সু চির আইনজীবী বলেছিলেন, মিয়ানমার সরকার তাঁর এরপর ৩৯ পৃষ্ঠায়




## আ.লীগকে নিষিদ্ধের প্রতিবাদে ওয়াশিংটনে বিক্ষোভ

আজকাল রিপোর্ট

ওয়াশিংটন ডিসির স্টেট ডিপার্টমেন্টের সামনে বিক্ষোভ সমাবেশ করেছে যুক্তরাষ্ট্র আওয়ামীলীগ।গত ৩০শে এপ্রিল বৃহস্পতিবার দুপুর ১টায় ওয়াশিংটন ডিসির স্টেট ডিপার্টমেন্টের সামনে এরপর ৩৯ পৃষ্ঠায়




## জর্জিয়ায় বিএনপি'র কর্মশালা

আজকাল রিপোর্ট

জর্জিয়ার আটলান্টায় শনিবার ও রোববার (২৫ ও ২৬ এপ্রিল) অনুষ্ঠিত হয়েছে উত্তর আমেরিকা বিএনপির দুই দিনব্যাপী কর্মশালা ও সম্মেলন। এতে যুক্তরাষ্ট্রের ২২টি অঙ্গরাজ্য থেকে আগত বিএনপির নেতৃবৃন্দ এবং কানাডার পাঁচটি প্রদেশের প্রতিনিধিরা অংশ নেন। ঢাকা থেকে অনলাইনে অনুষ্ঠানের উদ্বোধন করেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও প্রধানমন্ত্রীর উপদেষ্টা নজরুল ইসলাম খান। তিনি বলেন, দলের সাংগঠনিক শক্তি বাড়াতে সমর্থকদের কর্মীতে এবং কর্মীদের নেতৃত্বে পরিণত করার ওপর জোর দিতে হবে।

নজরুল ইসলাম খান আরও বলেন, সারাদেশে এবং প্রবাসে আমাদের যত শুভানুধ্যায়ী আছেন তাদেরকে সমর্থক বানাতে হবে, আবার যারা সমর্থক আছেন তাদেরকে কর্মী বানাতে হবে, আর যারা কর্মী হিসেবে কাজ করছেন তাদেরকে দলের নেতা বানাতে হবে। তবেই দল সাংগঠনিকভাবে অত্যন্ত শক্তিশালী এরপর ২৯ পৃষ্ঠায়



## জামাইকায় যৌন নির্যাতনের অভিযোগে ইমাম গ্রেপ্তার

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের জামাইকার বাংলাদেশি অধ্যুষিত এলাকার বহুল পরিচিত 'বেলাল মসজিদে'র একজন শিক্ষক কর্তৃক ছাত্রীকে যৌন নির্যাতন করার অভিযোগে এরপর ৩৯ পৃষ্ঠায়
















NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR
ADULT DAYCARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
elderplan
Anthem
Hamaspik
RiverSpring Living
MetroPlus Health
SWH Senior Whole Health
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
FUHAD HUSSAIN
CCO
MOHAMMAD ZAHID ALAM
CFO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG SHAH NAWAZ GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
CONTACT US:
Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416

পারভেজ আলম-এর কলাম
পশ্চিমবঙ্গে বামপন্থিদের পুনর্জন্ম নাকি অস্তিত্বের লড়াই?
১২ পৃষ্ঠায়



নিয়াজ মাহমুদ-এর কলাম
আনুগত্য, উত্তরাধিকার নাকি প্রকৃত যোগ্যতার রাজনীতি
০৫ পৃষ্ঠায়



মোশফেকুর রহমান-এর কলাম যুদ্ধ কলঙ্কিত করে বিজ্ঞানীদের অর্জন
১০ পৃষ্ঠায়





# যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞায় ৩৫ ব্যক্তি ও প্রতিষ্ঠান

আজকাল রিপোর্ট




নিষেধাজ্ঞা ফাঁকি দিয়ে ইরানের 'ছায়া ব্যাংকিং ব্যবস্থা'কে টিকিয়ে রাখা এবং দেশটির প্রতিরক্ষা বাহিনী ও ইসলামিক রেভল্যুশনারি গার্ডকে (আইআরজিসি) সহযোগিতা করার অভিযোগে ৩৫ ব্যক্তি ও প্রতিষ্ঠানের ওপর নিষেধাজ্ঞা জারি করেছে যুক্তরাষ্ট্রের ট্রেজারি মন্ত্রণালয়। বুধবার (২৯ এপ্রিল) মন্ত্রণালয়ের জারি করা এক বিবৃতি থেকে জানা গেছে এ তথ্য। খবর দিয়েছে সংবাদ সংস্থা। এ ব্যাপারে সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে পোস্ট করা এক বার্তায় যুক্তরাষ্ট্রের ট্রেজারিমন্ত্রী স্কট বেসেন্ট জানান, তার মন্ত্রণালয়ের 'বিদেশি সম্পদ নিয়ন্ত্রণ বিভাগ' এই নিষেধাজ্ঞা জারি করেছে। তবে, নিষেধাজ্ঞার কোপে পড়া ব্যক্তি ও প্রতিষ্ঠানগুলো কোন দেশের তা মন্ত্রণালয়ের বিবৃতি কিংবা ট্রেজারিমন্ত্রীর এক্সবার্তার কোথাও উল্লেখ করা হয়নি।

প্রতিবেদন অনুযায়ী, ইরানের তেল বাণিজ্যের ওপর আগে থেকেই একাধিক নিষেধাজ্ঞা জারি করে রেখেছে যুক্তরাষ্ট্র; কিন্তু এই নিষেধাজ্ঞাকে উপেক্ষা করে আন্তর্জাতিক বাজারে ঠিকই ইরানের তেল পৌঁছাচ্ছে এবং তেল বিক্রি থেকে দেশটির উপার্জনও অব্যাহত আছে।

যুক্তরাষ্ট্রের অভিযোগ, দেশি-বিদেশি বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের সহযোগিতায় এক্সপ্রকার 'ছায়া ব্যাংকিং ব্যবস্থা' তৈরি করেছে ইরান। এই ব্যবস্থায় তৃতীয় ব্যক্তি ও প্রতিষ্ঠানের মাধ্যমে বৈশ্বিক গ্রাহকদের কাছে তেল বিক্রি থেকে প্রাপ্ত অর্থ আন্তর্জাতিক ব্যাংকগুলোর হিসাবে রাখা এবং সেসব হিসাব থেকে অর্থ ইরানের প্রতিরক্ষা বাহিনী এবং এ বাহিনীর অভিজাত শাখা আইআরজিসিকে পৌঁছে দেওয়ার যাবতীয় কাজ করে এই তৃতীয় পক্ষ। ইরানের তেল বাণিজ্য ও বিপণন দেখভালের দায়িত্বে আছে দেশটির প্রতিরক্ষা বাহিনী এবং এ বাহিনীর অভিজাত এরপর ৩৯ পৃষ্ঠায়



## স্ট্যাটেন আইল্যান্ড লায়নস ক্লাবের উদ্যোগে খাদ্য বিতরণ

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের স্ট্যাটেন আইল্যান্ড লায়নস ক্লাবের উদ্যোগে বিনামূল্যে খাবার বিতরণ করা হয়। গত শুক্রবার ২৪ এপ্রিল, ৬১৮ রিচমন্ড রোড পার্কের সামনে স্থানীয় লোকজনের মাঝে এই খাবার দেয়া হয়েছে। এটি ক্লাবের একটি নিয়মিত আয়োজন বলে জানান সংগঠনের সভাপতি কাজী হোসেইন নয়ন। 'আমরা আমাদের সামাজিক দায়বদ্ধতা থেকে নিয়মিত এই ধরনের কর্মসূচীর আয়োজন করে থাকি। গত বছর শীতের সময় আমরা নিম্ন আয়ের মানুষদের জন্য বিনামূল্যে কম্বল বিতরণ করেছিলাম,' তিনি বলেন। স্ট্যাটেন আইল্যান্ড লায়নস ক্লাব এরপর ৩৪ পৃষ্ঠায়

## হান্টার কলেজে মূল বক্তা বাংলাদেশী বংশোদ্ভূত ডা. উবায়েদ

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের সিটি ইউনিভার্সিটির অধীনস্থ বিখ্যাত হান্টার কলেজের বার্ষিক পার্পল হক ভোজসভায় মূল বক্তা হিসেবে বক্তব্য রাখার করার সম্মান অর্জন করেছেন বাংলাদেশী বংশোদ্ভূত কলেজটির প্রাক্তন শিক্ষার্থী ডা. উবায়েদ মুহিত।

গত ২৭ এপ্রিল বিকেলে ম্যানহাটনের হান্টার কলেজের ফ্যাকাল্টি ডাইনিং রুমের ৮ম তলায় আয়োজিত বার্ষিক পার্পল হক ভোজসভায় ক্লিনিক্যাল শিক্ষার্থীদের পরবর্তী প্রজন্মকে অনুপ্রাণিত করা বিষয়ে মূল বক্তা হিসেবে বক্তব্য দেন তিনি। বাংলাদেশী বংশোদ্ভূত ব্রংকসের ডা. উবায়েদ মুহিত বর্তমানে আইনস্টাইন হাসপাতালের আবাসিক চিকিৎসক হিসেবে কাজ করছেন।

মো. আব্দুল মুহিত ও সৈয়দা রিনা বেগম দম্পতির জ্যেষ্ঠ সন্তান ডা. উবায়েদ মুহিত নিউইয়র্কের ব্রংকসে ১৯৯৪ সালে এরপর ১৫ পৃষ্ঠায়

## ব্রঙ্কসে হৃদয়ে বাংলাদেশের অভিষেক

আজকাল রিপোর্ট

সাংস্কৃতিক সংগঠন হৃদয়ে বাংলাদেশের নতুন কমিটির অভিষেক ও বৈশাখী উৎসব গত ২৬ এপ্রিল ব্রঙ্কসের স্ট্রালিন বাংলাবাজারের এশিয়ান ড্রাইভিং স্কুল মিলনায়তনে অনুষ্ঠিত হয়। আনন্দ উৎসবে আয়োজিত দুই পর্বের অনুষ্ঠানে প্রথম পর্বে গানে গানে বৈশাখ উৎসব পালন এবং দ্বিতীয় পর্বে হৃদয়ে বাংলাদেশ কার্যকরী পরিষদের নতুন কমিটির অভিষেক অনুষ্ঠান দিয়ে সাজানো হয়।

সংগঠনের সভাপতি সাইদুর রহমান লিংকনের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক সৈয়দ ফয়েজের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সংগঠনের উপদেষ্টা আব্দুর রহিম বাদশা, উপদেষ্টা সিরাজ উদ্দিন আহমেদ এরপর ১৫ পৃষ্ঠায়



## 'ফিলাডেলফিয়া পত্রিকা'র শুভ সূচনা

আজকাল রিপোর্ট

ফিলাডেলফিয়া থেকে প্রকাশিতব্য 'ফিলাডেলফিয়া পত্রিকা' ২৭ সদস্যের একটি বহুমাত্রিক ও শক্তিশালী টিম নিয়ে আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করেছে। সাংবাদিক, কবি, লেখক, নাট্যকার, চিকিৎসক, ইঞ্জিনিয়ার, আইটি বিশেষজ্ঞ, শিক্ষক, সমাজসেবক, সাংস্কৃতিক কর্মী ও ব্যবসায়ীদের সমন্বয়ে গঠিত এই টিম একটি মানসম্মত, নির্ভরযোগ্য ও দায়িত্বশীল গণমাধ্যম গড়ে তুলতে অঙ্গীকারবদ্ধ বলে তারা জানান।

পত্রিকার সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করবেন আশরাফুল ইসলাম আরিফ। কমিউনিকেশন কোঅর্ডিনেটর আব্দুল হাফিজ চৌধুরী, ডেস্ক মডারেটর জোহরা খাতুন কলি এবং ওভারঅল কোঅর্ডিনেটর হিসেবে এরপর ১৫ পৃষ্ঠায়

## জ্যামাইকায় এভিনিউতে জেভিআই এস ফার্নিচারের আনুষ্ঠানিক উদ্বোধন

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক সিটির জ্যামাইকা এভিনিউতে যাত্রা শুরু করেছে বাংলাদেশী মালিকানাধীন নতুন ফার্নিচার হাউস 'জেভিআই এস ফার্নিচার এন্ড ম্যাট্রেস'। গত ২৬ এপ্রিল দোয়া মুনাজাত, বেলুন উড়ানো ও ফিতা কাটার মধ্য দিয়ে ১০৮-০৩ জ্যামাইকা এভিনিউতে শোরুমটি আনুষ্ঠানিক উদ্বোধন করেন নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলিম্যান ডেভিড ওয়েপ্রিন।

অনুষ্ঠানে দোয়া-মুনাজাত পরিচালনা করেন জ্যামাইকা মুসলিম সেন্টারের ইমাম ও খতিব মির্জা আবু জাফর বেগ। প্রতিষ্ঠানটির স্বত্বাধীকারী একেএম শফিকুল ইসলাম উদ্বোধনী অনুষ্ঠানে আগত অতিথিদের স্বাগত জানান। এসময় অ্যাসেম্বলীম্যান ডেভিড এরপর ৩০ পৃষ্ঠায়



## প্রবাসী কমিউনিটির সঙ্গে প্রেস মিনিস্টারের মতবিনিময়

আজকাল রিপোর্ট

ওয়াশিংটনে নিযুক্ত বাংলাদেশ দূতাবাসের প্রেস মিনিস্টার ও সাংবাদিক গোলাম মতুর্জাকে নিয়ে প্রবাসী কমিউনিটির মতবিনিময় সভা গত ২৫ এপ্রিল জ্যাকসন হাইটসের নবান্ন রেস্টুরেন্টে অনুষ্ঠিত হয়। 'বাংলাদেশী-আমেরিকান প্রবাসী কমিউনিটি' ব্যানারে আয়োজিত অনুষ্ঠানে বাংলাদেশের রাজনীতি ও বাংলাদেশ দূতাবাসের সেবা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

অনুষ্ঠানে গোলাম মতুর্জা বলেন, দূতাবাস ও কনস্যুলেট অন্য যেকোন সময়ের চেয়ে ভালো সেবা দিচ্ছে। প্রবাসীদের যেকোন অভিযোগ পেলে তাৎক্ষনিকভাবে তা সমাধান করা হচ্ছে। দূতাবাসের ফ্রন্ট ডেস্কের একজন স্টাফের ব্যবহার নিয়ে নানা অভিযোগ ছিল। তাকে সেখান থেকে সরিয়ে দেয়া এরপর ১৫ পৃষ্ঠায়

GRAND OPENING!
JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন


Naresh Gehi, Esq.

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

• তুলনামূলকভাবে কম ফি • সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।


Suryia Rahman, Esq

# NY INSURANCE BROKERAGE INC

NY I
NY INSURANCE BROKERAGE

# আপনি কি TLC প্লেট নিতে চান??

## NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**

Design & Print by: ihopeprint.com, 929-538-7903




**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

# হরমুজ টু হারভেস্ট

প্রফেসর ড. খালিদুর রহমান

> জ্বালানি সাশ্রয়, অপ্রয়োজনীয় খরচ কমানো এবং সঠিক তথ্যের ওপর নির্ভর করা এখন অত্যন্ত জরুরি। কারণ সংকটের সময়ে গুজব পরিস্থিতিকে আরও জটিল করে তোলে। মোটকথা, "হরমুজ টু হারভেস্ট" - হরমুজ প্রণালি থেকে কৃষি উৎপাদন পর্যন্ত এই যাত্রা কেবল ভৌগোলিক বা অর্থনৈতিক রূপান্তরের গল্প নয়; এটি এক গভীর বাস্তবতার প্রতিফলন, যেখানে একটি আঞ্চলিক অস্থিরতা ধীরে ধীরে বৈশ্বিক খাদ্য নিরাপত্তার চ্যালেঞ্জে রূপ নিচ্ছে। এ সংকট হয়তো সাময়িকভাবে প্রশমিত হবে, কিন্তু এর শিক্ষা দীর্ঘমেয়াদি ও গুরুত্বপূর্ণ। ভবিষ্যতের জন্য আরও স্থিতিশীল, বহুমুখী ও টেকসই অর্থনৈতিক কাঠামো নির্মাণে এখনই পরিকল্পিত প্রস্তুতি জরুরি। ইতিহাস সাক্ষ্য দেয়, মানবসভ্যতা প্রতিটি সংকট থেকেই শিক্ষা নেয় এবং নতুন পথের সন্ধান করে; এই সংকটও তার ব্যতিক্রম হবে না



বিশ্ব অর্থনীতি যখন কোভিড-পরবর্তী পুনরুদ্ধারের ধাপ অতিক্রম করে একধরনের নাজুক স্থিতিশীলতায় পৌঁছাতে শুরু করেছিল, তখনই আবার নতুন করে এক বহুমাত্রিক সংকটের মুখোমুখি হয়েছে মানবসভ্যতা। এই সংকটের কেন্দ্রবিন্দুতে রয়েছে মধ্যপ্রাচ্যের সংকীর্ণ কিন্তু কৌশলগতভাবে অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি জলপথ-হরমুজ প্রণালী। পৃথিবীর মানচিত্রে এটি হয়তো খুব বড় কিছু নয়, কিন্তু বৈশ্বিক অর্থনীতির প্রবাহে এর ভূমিকা রক্তনালীর মতো অপরিহার্য। এই প্রণালীকে ঘিরে যুক্তরাষ্ট্র-ইসরাইল ও ইরানের ক্রমবর্ধমান উত্তেজনা এখন শুধু ভূরাজনৈতিক সংঘাতের মধ্যেই সীমাবদ্ধ নেই; বরং তা জ্বালানি, সার এবং খাদ্য নিরাপত্তার এক গভীর বৈশ্বিক সংকটে রূপ নিচ্ছে।

আন্তর্জাতিক জ্বালানি সংস্থাগুলোর (২০২৫ সালের আপডেট অনুযায়ী) বিশ্লেষণে দেখা যাচ্ছে, প্রতিদিন প্রায় ২০ থেকে ২১ মিলিয়ন ব্যারেল অপরিশোধিত তেল ও কনডেনসেট হরমুজ প্রণালী দিয়ে পরিবাহিত হয়, যা বৈশ্বিক তেল সরবরাহের প্রায় ২০-২১ শতাংশ। একই সঙ্গে বিশ্বব্যাপী তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি)-এর প্রায় ২০-২২ শতাংশ এই পথের ওপর নির্ভরশীল। কাতার, যা বিশ্বের অন্যতম বৃহৎ এলএনজি রপ্তানিকারক, তার প্রায় পুরো রপ্তানিই এই প্রণালীর ওপর নির্ভরশীল। ফলে এখানে সামান্য অস্থিরতাও বিশ্ববাজারে জ্বালানির দামকে অস্বাভাবিকভাবে প্রভাবিত করতে পারে।

২০২৬ সালের প্রথম প্রান্তিকের বাজার প্রবণতা বলছে, মধ্যপ্রাচ্যে উত্তেজনা বাড়ার সঙ্গে সঙ্গে ব্রেন্ট ক্রুড অয়েলের দাম ব্যারেলপ্রতি ১০০ ডলারের কাছাকাছি ওঠানামা করছে, যা আগের বছরের তুলনায় গড়ে ১২-১৫ শতাংশ বেশি। এলএনজি স্পট মার্কেটেও একই প্রবণতা দেখা যাচ্ছে, যেখানে এশীয় বাজারে দাম প্রায় ২০-২৫ শতাংশ পর্যন্ত বেড়েছে। এই মূল্যবৃদ্ধি শুধু শিল্পোন্নত দেশগুলোতেই নয়, বরং উন্নয়নশীল দেশগুলোর ওপর আরও বেশি চাপ সৃষ্টি করছে।



কিন্তু জ্বালানির পাশাপাশি আরও একটি নীরব সংকট তৈরি হচ্ছে -তা হলো সারের বাজার। সর্বশেষ আন্তর্জাতিক সার সংস্থার ২০২৫ সালের তথ্য অনুযায়ী, বৈশ্বিক ইউরিয়া উৎপাদনের প্রায় ৪৫-৫০ শতাংশ পারস্য উপসাগরীয় অঞ্চল থেকে আসে। একই সঙ্গে অ্যামোনিয়া উৎপাদনের ক্ষেত্রেও এই অঞ্চলের অবদান প্রায় ৩০ শতাংশ। এই সারগুলোর বড় একটি অংশ হরমুজ প্রণালী দিয়ে আন্তর্জাতিক বাজারে পৌঁছায়। ফলে এই রুটে বিঘ্ন মানেই বিশ্বব্যাপী হারভেস্ট বা কৃষি উৎপাদনের ওপর সরাসরি চাপ।

২০২৬ সালের শুরু থেকেই ইউরিয়া সারের আন্তর্জাতিক মূল্য টনপ্রতি প্রায় ৪৫০ ডলার থেকে বেড়ে প্রায় ৭০০ ডলারে পৌঁছেছে, অর্থাৎ প্রায় ৭০ শতাংশ বৃদ্ধি। অ্যামোনিয়ার দামও একই সময়ে প্রায় ২০ শতাংশ বেড়েছে। এই মূল্যবৃদ্ধি সরাসরি কৃষকের উৎপাদন ব্যয় বাড়িয়ে দিচ্ছে। বিশেষ করে উন্নয়নশীল দেশগুলোর কৃষকরা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছেন, কারণ তারা ভর্তুকির ওপর নির্ভরশীল।

এই সংকট একটি চেইন প্রতিক্রিয়ার মতো কাজ করে। প্রথমে জ্বালানির দাম বাড়ে, যার ফলে প্রাকৃতিক গ্যাসের দাম বৃদ্ধি পায়। প্রাকৃতিক গ্যাস হচ্ছে ইউরিয়া উৎপাদনের প্রধান কাঁচামাল, যার উৎপাদন খরচের প্রায় ৭০-৮০ শতাংশই গ্যাস নির্ভর। ফলে গ্যাসের দাম বাড়লে সারের উৎপাদন কমে যায় বা দাম বেড়ে যায়। এরপর কৃষকরা কম সার ব্যবহার করতে বাধ্য হন, যার ফলে ফসলের উৎপাদন কমে যায়। বিভিন্ন গবেষণায় দেখা গেছে যে, সারের ব্যবহার ১০ শতাংশ কমে গেলে ফসল উৎপাদন গড়ে ৭ শতাংশ পর্যন্ত কমতে পারে।

বাংলাদেশের মতো একটি আমদানিনির্ভর অর্থনীতির জন্য এই পরিস্থিতি বিশেষভাবে উদ্বেগজনক। দেশের মোট জ্বালানি চাহিদার প্রায় ৭০ শতাংশই আমদানির ওপর নির্ভরশীল, যার বড় অংশ আসে মধ্যপ্রাচ্য থেকে। একই সঙ্গে বিদ্যুৎ উৎপাদনের প্রায় ৪৩ শতাংশ গ্যাস বা এলএনজি-নির্ভর। ফলে এলএনজি সরবরাহে সামান্য বিঘ্নও বিদ্যুৎ খাতে বড় ধরনের চাপ সৃষ্টি করে।

২০২৫-২৬ অর্থবছরের সাম্প্রতিক তথ্য অনুযায়ী, বাংলাদেশ বছরে প্রায় ২৬-২৭ লক্ষ টন ইউরিয়া সার ব্যবহার করে, যার একটি বড় অংশ আমদানি করতে হয়। আন্তর্জাতিক বাজারে দাম বৃদ্ধির ফলে সরকারকে ভর্তুকি বাবদ অতিরিক্ত ১৫-২৫ হাজার কোটি টাকা ব্যয় করতে হচ্ছে। তবুও অনেক সময় সরবরাহে ঘাটতি দেখা যাচ্ছে, যা সরাসরি কৃষকদের প্রভাবিত করছে।

ইতিমধ্যেই দেশের বিভিন্ন অঞ্চলে কৃষকরা অভিযোগ করছেন যে তারা প্রয়োজনীয় পরিমাণ সার পাচ্ছেন না বা উচ্চমূল্যে কিনতে বাধ্য হচ্ছেন। এর ফলে বোরো ও আমন মৌসুমে উৎপাদন কমে যাওয়ার আশঙ্কা তৈরি হয়েছে। যদি বর্তমান পরিস্থিতি অব্যাহত থাকে, তবে খাদ্যশস্য উৎপাদনে উল্লেখযোগ্য পরিমাণ ঘাটতি দেখা দিতে পারে।

সংকটের বাস্তব চিত্র ক্রমেই স্পষ্ট এরপর ২৪ পৃষ্ঠায়



# এটর্নী মঈন চৌধুরী LAW OFFICES

## Toll Free: 1-866-MOIN-LAW
## Cell: 917-282-9256
**(To schedule appointment only)**



Michael Taub, Esq.



Moin Choudhury, Esq.

এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস

**বিনামূল্যে পরামর্শ**

প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন

- গাড়ী এক্সিডেন্ট
- কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
- বিল্ডিং এ দূর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- ট্রিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- বিকলাঙ্গ শিশুর জন্ম
- লেড পয়জনিং
- কাজের জায়গায় দূর্ঘটনা


**IMMIGRATION**
(Consultation fee applies)








## ক্লায়েন্টেদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি



Attorney
Michigan Only.




Attorney
Michigan Only.



Attorney
New Jersey Only



Attorney, Buffalo
New York Only



Attorney
Connecticut Only



Attorney
Pennsylvania Only

## WWW.MOINLAW.COM

Prior result does not guarantee future outcome of any cases. Moin Choudhury is admitted in Michigan State only and also admitted in the Supreme Court of the United States.
Michael Taub is admitted in New York State Only and also admitted in the NY Federal District Courts.

# ইরান যুদ্ধ যেভাবে ৫০ বছরের একটি চুক্তিকে হুমকিতে ফেলে দিল

ওলামিদে স্যামুয়েল

> তারা চুক্তির প্রকৃত শর্তগুলোর ভিত্তিতেই ইউরেনিয়াম সমৃদ্ধকরণের বিষয়টি আলোচনায় আনতে পারে। তারা যুক্তরাষ্ট্রকেও মনে করিয়ে দিতে পারে যে এনপিটি কখনোই ইউরেনিয়াম সমৃদ্ধকরণ একেবারে শূন্যে নামিয়ে আনতে বলেনি। একই সঙ্গে তারা ইসরায়েলের পারমাণবিক সক্ষমতার অস্বচ্ছতা ও চুক্তির বাইরে থাকার ফলে যে আঞ্চলিক ভারসাম্যহীনতার জন্ম হয়েছে, সেটিও তুলে ধরতে পারে। সম্মেলনে সবচেয়ে জরুরি বিষয়টি মাথায় রাখা দরকার, পারমাণবিক অস্ত্র বিস্তার রোধে এই চুক্তি ৫০ বছর ধরে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। বিশ্বব্যাপী বর্তমান স্থিতাবস্থা বজায় রাখার জন্য চুক্তির এই সম্মান টিকিয়ে রাখা সবচেয়ে গুরুত্বপূর্ণ শর্ত। এ কারণেই এই বৈঠকে সদস্যদেশগুলোকে একসঙ্গে জোটবদ্ধ হয়ে ঘোষণা দেওয়া উচিত, যেন চুক্তির এই মৌলিক শর্তগুলোর পরিণতি কোনো অবস্থাতেই যুদ্ধের মাধ্যমে নতুন করে লেখার সুযোগ দেওয়া না হয়



পারমাণবিক অস্ত্র বিস্তার রোধ চুক্তিতে (এনপিটি) সই করা রাষ্ট্রগুলো ২৭ এপ্রিল নিউইয়র্কে সমবেত হয়েছে। এই চুক্তির কার্যকারিতা নিয়ে প্রতি পাঁচ বছর পরপর পর্যালোচনা বৈঠক হয়। ইরান একটি পারমাণবিক অস্ত্র তৈরি করতে যাচ্ছে-এমন অজুহাতে যুক্তরাষ্ট্র ও ইসরায়েল দেশটিতে যে যুদ্ধ শুরু করেছে, সেই যুদ্ধের মধ্যেই এবারের এই সম্মেলন শুরু হলো।

এনপিটি চুক্তির ১৯১টি সদস্যরাষ্ট্র যখন পর্যালোচনা বৈঠকে বসছে, তখন এই চুক্তির মূল ভিত্তি চরম পরীক্ষার মুখে। ১৯৭০ সালে কার্যকর হওয়া এই চুক্তিটি মূলত এমন এক কেন্দ্রীয় সমঝোতা, যার মাধ্যমে বেশির ভাগ দেশ বর্তমান পারমাণবিক বিশ্বব্যবস্থাকে মেনে নিয়েছে।

এই চুক্তির আওতাভুক্ত পারমাণবিক অস্ত্রবিহীন রাষ্ট্রগুলো (যাদের মধ্যে ইরানও রয়েছে) কখনো পারমাণবিক অস্ত্র অর্জন না করার প্রতিশ্রুতিতে একমত হয়েছিল। অন্যদিকে পাঁচটি স্বীকৃতিপ্রাপ্ত পারমাণবিক অস্ত্রধর দেশ (যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স, চীন ও রাশিয়া) পারমাণবিক অস্ত্রের বিস্তার রোধ করার পাশাপাশি নিজেদের মজুতকৃত পারমাণবিক অস্ত্র কমানোর পথে হাঁটতেও সম্মত হয়েছে।

আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থার (আইএইএ) সুরক্ষিত নজরদারির আওতায় শান্তিপূর্ণ পারমাণবিক প্রযুক্তির ব্যবহার চালিয়ে যাওয়ার অধিকার এনপিটি চুক্তির সব সদস্যেরই রয়েছে। চুক্তির শর্তগুলো ঠিকভাবে মানা হচ্ছে কি না, তা যাচাই করতেই রাষ্ট্রগুলো প্রতি পাঁচ বছরে মিলিত হয়। সে কারণেই এখন বর্তমান সম্মেলনটি আয়োজিত হচ্ছে।

ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নিকোলাস মাদুরোকে অপহরণ করার মতো অন্যান্য লঙ্ঘনের ঘটনা এবং বর্তমান এই যুদ্ধ, আন্তর্জাতিক আইন ও জাতিসংঘ প্রভাবিত কূটনীতির প্রতি যুক্তরাষ্ট্রের দায়বদ্ধতাকে প্রশ্নবিদ্ধ করে। এত সব কিছুর পরও এই পর্যালোচনা সম্মেলনে ইরানের প্রতিনিধিদল এবং প্রযুক্তি বিশেষজ্ঞরা তুলনামূলকভাবে নীরবে কিন্তু কার্যকর সমাধানের এক




আলোচনার পথ খুঁজে নিতে পারবেন।

সমস্যা হলো, ইরানের বর্তমান পরিস্থিতি পর্যালোচনা সম্মেলনের সামনে একটি গভীর অস্বস্তিকর প্রশ্ন দাঁড় করিয়ে দিয়েছে। আর তা হলো এনপিটির সদস্যপদ কি এর আওতাভুক্ত পারমাণবিক অস্ত্রবিহীন রাষ্ট্রগুলোকে কোনো রকম নিরাপত্তা দিতে পারে?

নিরপেক্ষ দৃষ্টিতে দেখলে এনপিটির অধীন অন্যান্য পারমাণবিক অস্ত্রবিহীন রাষ্ট্রের মতো ইরান নয়। দেশটি তাদের পারমাণবিক কর্মকাণ্ড দিয়ে বিশ্বকে উদ্বিগ্ন করার যথেষ্ট কারণ ঘটিয়েছে। আইএইএ ইরানের অমীমাংসিত নিরাপত্তাব্যবস্থা, পরিদর্শকদের সীমিত প্রবেশের সুযোগ এবং স্বাভাবিক বেসামরিক প্রয়োজনের সীমানা ছাড়িয়ে মাত্রাতিরিক্ত ইউরেনিয়াম সমৃদ্ধ করার বিষয় নিয়ে প্রশ্ন তুলেছে।

এসব সত্ত্বেও সংস্থাটি দেশটিতে কোনো পরিকল্পিত পারমাণবিক অস্ত্র কর্মসূচির প্রমাণ পায়নি। যুক্তরাষ্ট্রের গোয়েন্দারাও এই একই কথা স্বীকার করেছে। এমন নিশ্চয়তা থাকার পরও স্বীকৃত পারমাণবিক অস্ত্রধারী দেশ যুক্তরাষ্ট্র এবং অঘোষিত পারমাণবিক অস্ত্রধারী দেশ ইসরায়েল ইরানে হামলা চালানোর সিদ্ধান্ত নেয়।

পারমাণবিক কার্যক্রমের উদ্বেগ মেটানোর এই জবরদস্তিমূলক পথ এনপিটির জন্য চরম ক্ষতিকর। আসল উদ্বেগের জায়গা যদি ইরানের পারমাণবিক স্থাপনাগুলোর কার্যক্রম-সংক্রান্ত অনিশ্চয়তাকে ঘিরে হয়ে থাকে, তবে সেখানে বোমা ফেলে সেটার কোনো সুরাহা হয় না।

গতকাল সোমবার নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে পারমাণবিক অস্ত্র বিস্তার রোধ চুক্তি (এনপিটি) পর্যালোচনা সম্মেলনে প্রতিনিধিদের উদ্দেশে ভাষণ দিচ্ছেন জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস

আবার সমস্যা যদি অস্ত্র পরিদর্শকদের প্রবেশাধিকার বাধাগ্রস্ত হওয়া নিয়ে হয়, তবে যুদ্ধ চাপিয়ে দেশটিকে অবরুদ্ধ করে রাখলে সে কাজ কোনোভাবেই সহজ হওয়ার কথা নয়। আর আসল সংকট যদি পারমাণবিক অস্ত্র বানানোর সুপ্ত ক্ষমতা অর্জন নিয়ে হয়ে থাকে, তবে চুক্তির আওতায় সুরক্ষিত কেন্দ্রগুলোতে হামলার মানে হলো অন্যান্য দেশকে এই শিক্ষাই দেওয়া যে অস্ত্রের সীমানার নিচে অবস্থান করলেও কোনো স্বস্তি বা নিরাপত্তাই মিলবে না।

এবারের নিউইয়র্কের পর্যালোচনা সম্মেলনে ইরানের কার্যপত্র বেশ কিছু গুরুত্বপূর্ণ বিষয় সামনে নিয়ে এসেছে। তেহরান চুক্তির ৪ নম্বর অনুচ্ছেদের অধীনে থাকা শান্তিপূর্ণ পারমাণবিক প্রযুক্তি ব্যবহারের অধিকারের কথা সবাইকে স্মরণ করিয়ে দিয়েছে।

তাদের দাবি, সুরক্ষিত পারমাণবিক স্থাপনায় এ ধরনের আক্রমণ চুক্তির মূল যৌক্তিকতাকেই লঙ্ঘন করে। একই সঙ্গে তারা চুক্তির বাইরে থাকা ইসরায়েলের অবস্থান এবং পারমাণবিক অস্ত্র ও অন্যান্য গণবিধ্বংসী মারণাস্ত্র থেকে মুক্ত এক মধ্যপ্রাচ্য গড়ে তোলার সেই বহু পুরোনো এবং অপূর্ণ প্রতিশ্রুতির দিকে আঙুল তুলেছে।

ইরানের সব কথায় সায় না দিলেও চলবে, কিন্তু তাদের যুক্তিগুলো সম্মেলনে আসা অন্যান্য এরপর ৪০ পৃষ্ঠায়

# ইরান যুদ্ধ: ভুলের পর ভুল করে ট্রাম্প যে মূল্য দিচ্ছেন

জোসেফ ই স্টিগলিৎস

আলেকজান্ডার পোপ একসময় বলেছিলেন, ভুল করা মানুষের স্বভাব। কথাটি সত্য, কারণ, মানুষমাত্রই ভুল করে। তবে বাস্তবতা হলো, সবাই সমানভাবে ভুল করে না; কেউ কেউ অন্যদের তুলনায় অনেক বেশি ভুলপ্রবণ। এ বাস্তবতাই গণতন্ত্রের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করে। কারণ, গণতন্ত্রে বড় সিদ্ধান্তগুলো নেওয়া হয় আলোচনা, বিতর্ক ও পারস্পরিক নিয়ন্ত্রণের মাধ্যমে।

ইতিহাসে আমরা দেখেছি, স্বৈরশাসন বা একনায়কতান্ত্রিক শাসনে এমন বহু নেতা ছিলেন, যাঁদের ভুল শুধু তাঁদের নিজেদের নয়, পুরো সমাজের জন্য বিপর্যয় ডেকে এনেছে। একটি দেশের জন্য সবচেয়ে গুরুতর সিদ্ধান্ত হলো অন্য একটি দেশের বিরুদ্ধে যুদ্ধ শুরু করা। কিন্তু যুক্তরাষ্ট্র সেই

> এ অবস্থায় কেন্দ্রীয় ব্যাংকগুলো হয় সুদের হার বাড়াতে পারে, নয়তো কমানোর গতি কমিয়ে দিতে পারে। ফলে বাড়ি কেনা বা ঋণ শোধ করা আরও কঠিন হয়ে উঠবে। যুক্তরাষ্ট্রের অর্থনীতি এমনিতেই ট্রাম্পের অস্থির বাণিজ্য, অভিবাসন ও রাজস্বনীতির কারণে চাপে রয়েছে। কৃত্রিম বুদ্ধিমত্তা খাতে বিপুল বিনিয়োগ কিছুটা প্রবৃদ্ধি ধরে রেখেছে, যা প্রায় এক-তৃতীয়াংশ অর্থনৈতিক প্রবৃদ্ধির জোগান দিচ্ছে। এটি না থাকলে অর্থনীতি আরও দুর্বল হয়ে পড়ত। অন্যদিকে ধনী ব্যক্তি ও করপোরেট প্রতিষ্ঠানের জন্য কর কমানোর ফলে সরকারের হাতে সংকট মোকাবিলার আর্থিক সক্ষমতা কমে গেছে। ভবিষ্যতে কৃত্রিম বুদ্ধিমত্তার কারণে চাকরি হারানো বা প্রযুক্তি খাতে অস্থিতিশীলতা তৈরির ঝুঁকিও রয়েছে



সিদ্ধান্ত নিয়েছে, তা-ও নিজের গণতান্ত্রিক কাঠামোর প্রয়োজনীয় আলোচনা ও ভারসাম্য রক্ষা না করেই। প্রাচীন রাজাদের মতো আচরণ করে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এ সিদ্ধান্ত নিয়েছেন। তাঁকে নিয়ন্ত্রণ করার মতো শক্তিশালী কোনো রাজনৈতিক বাধা কার্যত দেখা যাচ্ছে না এবং তাঁর চারপাশে এমন লোকজন রয়েছেন, যাঁরা কেবল তাঁর মনমতো কথাই বলেন।

এই যুদ্ধ কত দিন চলবে আর কত মানুষের জীবন কেড়ে নেবে, তা কেউ জানে না। তবু যুক্তরাষ্ট্রের ভেতরে বড় ধরনের কোনো প্রতিবাদ দেখা যাচ্ছে না। মানুষ যেন ট্রাম্পের মানবাধিকার লঙ্ঘন এবং আইনের শাসন উপেক্ষার ঘটনাগুলোর সঙ্গে অভ্যস্ত হয়ে পড়েছে। একের পর এক নতুন ঘটনার চাপে সমাজ যেন ক্লান্ত হয়ে গেছে। এমনকি বিশ্ববিদ্যালয়গুলোতেও, যেখানে সাধারণত প্রতিবাদ ও ভিন্নমতের চর্চা হয়, সেখানে এখন ভয়ের পরিবেশ।

অনেকেই আশঙ্কা করছেন, প্রতিবাদ করলে ভিসা বাতিল হতে পারে, দেশ থেকে বহিষ্কৃত হতে পারেন, এমনকি আইনি তদন্তের মুখেও পড়তে হতে পারে। এগুলো স্বৈরশাসিত ব্যবস্থার সঙ্গে অদ্ভুতভাবে মিল দেখিয়ে দেয়।

অর্থনৈতিক দৃষ্টিকোণ থেকে এই যুদ্ধের প্রভাব কী হবে-এ প্রশ্নও এখন গুরুত্বপূর্ণ। এর সহজ উত্তর হলো, যুদ্ধ যত দীর্ঘায়িত হবে, ক্ষতিও তত বাড়বে। তবে যুদ্ধ দ্রুত শেষ হলেও এর প্রভাব দীর্ঘস্থায়ী হবে। ইতিমধ্যে বৈশ্বিক সরবরাহব্যবস্থা ক্ষতিগ্রস্ত হয়েছে এবং তেল-গ্যাস উৎপাদন অবকাঠামো ধ্বংস হয়েছে, যা পুনর্গঠনে কয়েক বছর লেগে যেতে পারে। শুধু জ্বালানি নয়, সার উৎপাদনও ঝুঁকির মুখে পড়েছে, যা বৈশ্বিক খাদ্যব্যবস্থার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

এই সংকট এমন এক সময়ে এসেছে, যখন বিশ্ব অর্থনীতি কোভিড-১৯ মহামারি, রাশিয়ার ইউক্রেন আক্রমণ, ট্রাম্পের বৈশ্বিক শুল্কযুদ্ধ এবং আন্তর্জাতিক বাণিজ্যের নিয়মভিত্তিক কাঠামোর অবক্ষয়সংক্রান্ত আগের একাধিক ধাক্কা সামলাতে হিমশিম খাচ্ছে। এসব কারণে মূল্যস্ফীতি বেড়েছে এবং মানুষের জীবনযাত্রার ব্যয় আরও চাপের মুখে পড়েছে। ট্রাম্প ক্ষমতায় ফেরার আগে মূল্যস্ফীতি কিছুটা কমার পথে ছিল, যদিও তা তখনো কেন্দ্রীয় ব্যাংকগুলোর কাঙ্ক্ষিত ২ এরপর ২৭ পৃষ্ঠায়

> যুক্তরাষ্ট্র একটি তেল রপ্তানিকারক দেশ হিসেবে লাভবান হবে বলে ট্রাম্প যে দাবি করেন, সেটিও বাস্তবতার সঙ্গে পুরোপুরি মেলে না। বড় তেল কোম্পানিগুলো লাভবান হতে পারে, কিন্তু সাধারণ মানুষকে বৈশ্বিক দামে জ্বালানি কিনতে হয়। এই যুদ্ধ যত দিনই চলুক, এর দীর্ঘমেয়াদি প্রভাব গভীর হবে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর যে শান্তিপূর্ণ ও সীমানাহীন বিশ্বের স্বপ্ন দেখা হয়েছিল, এই যুদ্ধের মাধ্যমে সেই স্বপ্ন আরও এক ধাপ পিছিয়ে গেল। যে দেশ একসময় এই বিশ্বব্যবস্থার ভিত্তি গড়ে তুলেছিল, সেই দেশই এখন তা দুর্বল করে দিচ্ছে। চীনের সঙ্গে নতুন শীতল যুদ্ধের পরিস্থিতি, দুর্বল বৈশ্বিক সরবরাহব্যবস্থা এবং যুক্তরাষ্ট্রে গণতন্ত্রের দুর্বলতা-সব মিলিয়ে ভবিষ্যৎ খুব আশাব্যঞ্জক নয়। এই প্রেক্ষাপটে মানুষের ভুল এবং সেই ভুলের পরিণতি ক্রমে আরও গুরুতর হয়ে উঠছে




# দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

## স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০



- ওমরাহ প্যাকেজ
- ওমরাহ ভিসা
- মোয়াল্লেম
- হোটেল ও ট্রান্সপোর্ট



## বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

**৭৪৯**

JFK-Dhaka-JFK Return

আমরা IATA অনুমোদিত | আমরা ARC অনুমোদিত

DELTA AIR LINES | Biman Bangladesh Airlines | American Airlines | ETIHAD AIRWAYS | QATAR AIRWAYS | Emirates | KUWAIT AIRWAYS



### বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।


আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট


কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট


জামান রঞ্জু
ট্রাভেল কনসালটেন্ট


কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট


মাহির
ট্রাভেল কনসালটেন্ট


জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট


নিলয়
ট্রাভেল কনসালটেন্ট

**NEW YORK OFFICE**
73-05 37th Road,
Jackson Heights
NY 11372

**ATLANTA OFFICE**
4229 1st Ave, Suite B,
Tucker, GA 30084
Tel: 404-704-7753

**DHAKA OFFICE**
Floor #03, House #09
Road # 17, Block-E,
Banani, Dhaka-1213
+88 01711256872

**Phone: 917-396-4140, 917-592-7828**




# House & Co-Ops For Sale

| Address | Beds & Baths | Asking Price |
|---|---|---|
| 163 Emily Avenue, Elmont, NY 11003 | 4 Bedrooms, 2 bathrooms | $850,000 |
| 830 Hendrix Street, Brooklyn, NY 11207 | 9 Bedrooms, 3 bathrooms | $999,900 |
| 1715 St Peters Ave, Bronx, NY 10461 | 10 Bedrooms, 6 bathrooms 4 Family House | $1.499.000 |
| 3321 Fish Ave, Bronx, NY 10469 (Bricks) | 2 family 4 beds over 3 beds+ semi-basement,driveway | $995,000 |
| 97 Pardee Ave., Islip, NY 11751 | 3 Bedrooms, 2 bathrooms | 499,000 |
| 20 Whitman Avenue, Islip, Long Island | 1 Family | $599,000 |
| 25-48 96th Street East Elmhurst | Three Family (Occupied) | $850,000 |
| 86-34 77 Street, Woodhaven | Two Family with violations | $603,200 |
| 112 East, 45 Street, Brooklyn | Two Family (Occupied) | $610,000 |
| 2801 Montauk Highway, Brookhaven | Mixed Used (Occupied) | 489,000 |
| 243-51 Cany Road, Rosedale | Two Family (Vacant, 3 beds/2baths over) | 1,200,000 |
| 32-12 Baywater Court, Far rockway | 1 Family (Occupied) | 299,950 |
| 1181 Ocean Ave, Bay shore | 1 Family (Vacant) | 630,000 |
| 14 Dongan Street, Staten Island | 1 Family (Vacant) | 515,000 |
| 166-25 Powells Cove Blvd #4D Beechhurst, NY 11357 | Co-Op, 2 Bedrooms, 2 bathrooms | $675,000 |

**We Have 200+ Regular, REO and Auction Houses For Sale**

আজই কল করুন, কামরুজ্জামান বাচ্চু (আইল্যান্ড এ্যাডভেন্টেজ রিয়েলটি)- ৩৪৭-৪৬৫-৩২২০


NY INSURANCE
BROKEAGE INC.
TLC INSURANCE SPECIALIST
718 476-2025
NYI
NY INSURANCE BROKERAGE


NY CAR & LIMO
SERVICES INC
BLACK & GREEN CAR BASE
718
NY
CAR & LIMO
SERVICES INC
BO2902


BEGINNER'S
DRIVING ACADEMY
YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY
929 244-7730


DMV EXPRESS
ABC-1234
PLATES
NEW, SURRENDER & TRANSFER
TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST
REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER
929-244-7730
EXCELSIOR




## ব্রুকলিনে হৃদয়ে বাংলাদেশের অভিষেক

৩ পৃষ্ঠার পর

সোহাগ, উপদেষ্টা আকতার হোসেন, নবনির্বাচিত উপদেষ্টা আব্দুল মুহিত, উপদেষ্টা বীরমুক্তিযোদ্ধা তোফায়েল আহমেদ চৌধুরী, উপদেষ্টা আব্দুর রহমান, উপদেষ্টা শামীম আহমেদ।

প্রথম পর্বে দলীয় সংগীত পর্ব সঞ্চালনা করেন তাসনিন জারা, মাহমুদুল হাসান ও সৈয়দ ফয়েজ। বাংলাদেশের জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে শুরু হলে উপস্থিত সবাই দাঁড়িয়ে সম্মান প্রদর্শন করেন এবং পরপর চারটি গান পরিবেশন করে দলীয় সংগীত পর্ব শেষ হয়।

দ্বিতীয় পর্বে ২০২৬-২০২৯ নতুন কমিটিকে শপথ বাক্য পাঠ করান সংগঠনের উপদেষ্টা সিরাজ উদ্দিন আহমেদ সোহাগ। নবনির্বাচিত কমিটির সদস্যদের গোলাপ দিয়ে বরণ করে নেন উপদেষ্টা আব্দুর রহিম বাদশা।

নতুন কমিটিতে রয়েছেন– সভাপতি সাইদুর রহমান শিকন, সহ-সভাপতি পলুদ সরকার, সহ-সভাপতি মোশাররফ শিকদার, সাধারণ সম্পাদক সৈয়দ কামরুজ্জামান ফয়েজ, যুগ্ম সম্পাদক আল মামুন সরকার, যুগ্ম সম্পাদক গোলাম রব্বানী বেলাল, সাংগঠনিক সম্পাদক মাহমুদুল হাসান, অর্থ সম্পাদক ফাহমিনা পারভীন, সাংস্কৃতিক সম্পাদক শারমিন তানিয়া, প্রচার সম্পাদক শেখ শফিকুর রহমান, দপ্তর সম্পাদক মার্গারেট মল্লিক, সমাজকল্যাণ সম্পাদক রূপচান মিয়া, সদস্য মেহেদী কাজল। শপথ গ্রহণ শেষে সাংস্কৃতিক অনুষ্ঠানে সংগীত পরিবেশন করেন শারমিন তানিয়া, সৈয়দ ফয়েজ, সঞ্চিতা ঠাকুর, তাসনিন জারা, শেখ শফিক, মঈন রাজা, বিনিতা জয়।

মনোমুগ্ধকর নববর্ষ বরণ ও অভিষেক অনুষ্ঠানে বিপুলসংখ্যক প্রবাসী বাংলাদেশীদের উপস্থিতিতে প্রাণবন্ত হয়ে ওঠে।




## স্ট্যাটেন আইল্যান্ড লায়নস ক্লাবের উদ্যোগে খাদ্য বিতরণ

৩ পৃষ্ঠার পর

একটি প্রাচীন সংগঠন। সমাজের অবহেলিত মানুষের জন্য এই ক্লাব সব সময় কাজ করে এসেছে বলে জানান নয়ন। স্টাটেন আইল্যান্ড লায়নস ক্লাবের সাধারণ সম্পাদক চৌধুরী মোহাম্মদ কাজল বলেন, লায়নস ক্লাব একটি আন্তর্জাতিক সংগঠন। 'পৃথিবীর বিভিন্ন দেশে লায়নস ক্লাব দুস্থ ও মানবতার সেবায় কাজ করে থাকে। স্টাটেন আইল্যান্ড লায়নস ক্লাব ভবিষ্যতেও বিভিন্ন সমাজ কল্যাণমূলক কাজ করতে বদ্ধপরিকর'। এছাড়া ক্লাবের কোষাধ্যক্ষ মতিউর রহমানসহ অন্যান্য সদস্যবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন।


## হান্টার কলেজে মূল বক্তা বাংলাদেশী বংশোদ্ভূত ডা. উবায়েদ

৩ পৃষ্ঠার পর

জন্মগ্রহণ করেন।

তার দাদার বাড়ি বাংলাদেশের সুনামগঞ্জে। তিনি ব্রুকলিনের স্টিভান হাইস্কুলের পর ম্যানহাটনের হান্টার কলেজ গ্রাজুয়েশন এবং নিউইয়র্কের প্রসিদ্ধ এসইউএনওয়াই মেডিকেল কলেজ থেকে ২০২২ সালে চিকিৎসক হিসেবে সফলতার সাথে ডিগ্রী অর্জন করেন।






## 'ফিলাডেলফিয়া পত্রিকা'র শুভ সূচনা

৩ পৃষ্ঠার পর

রয়েছেন আহমদ সায়েম। টিমে আরও যুক্ত রয়েছেন প্রফেসর ড. জিয়াউদ্দিন আহমেদ, কবি ও নাট্যকার বদরুজ্জামান আলমগীর, ড. ইবরুল চৌধুরী, ডা. ফাতেমা আহমেদ, প্রফেসর খায়ের মোহাম্মদ মিঞা, সাদেক মিয়া কাপ্তান, কামরুল হাসানসহ আরও অনেকে।

বাংলা নববর্ষ ১৪৩৩-এর ১২ বৈশাখ (২৫ এপ্রিল ২০২৬) পত্রিকাটির আনুষ্ঠানিক উদ্বোধন সম্পন্ন হয়। কবি ও নাট্যকার বদরুজ্জামান আলমগীরের মাধ্যমে মোড়ক উন্মোচনের মধ্য দিয়ে এই শুভ সূচনা ঘোষণা করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানটি ছিল সরল কিন্তু প্রাণবন্ত। স্থানীয় কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ ও বিভিন্ন অঙ্গনের প্রতিনিধিদের উপস্থিতি আয়োজনকে তাৎপর্যপূর্ণ করে তোলে। বক্তারা দলনিরপেক্ষ, বস্তুনিষ্ঠ ও দায়িত্বশীল সাংবাদিকতার ওপর গুরুত্বারোপ করেন এবং এই উদ্যোগের সফলতা কামনা করেন। 'ফিলাডেলফিয়া পত্রিকা' প্রতিশ্রুতি দিচ্ছে দলনিরপেক্ষ ও অসাম্প্রদায়িক চেতনায় সত্যনিষ্ঠ সংবাদ পরিবেশন করবে। মতের ভিন্নতা ও দৃষ্টিভঙ্গির বৈচিত্র্য থাকলেও সত্যের প্রতি দায়বদ্ধতা থাকবে অটুট।

সংশ্লিষ্টদের প্রত্যাশা, সম্মিলিত প্রচেষ্টা ও কমিউনিটির সমর্থনে 'ফিলাডেলফিয়া পত্রিকা' প্রবাসী বাংলা ভাষাভাষীদের একটি নির্ভরযোগ্য কণ্ঠস্বর হিসেবে প্রতিষ্ঠা পাবে।

## প্রবাসী কমিউনিটির সঙ্গে প্রেস মিনিস্টারের মতবিনিময়


৩ পৃষ্ঠার পর

রয়েছে। তিনি বলেন, দূতাবাস ও কনস্যুলেটের বড় অভিযোগ হলো প্রবাসী বাংলাদেশীরা টেলিফোন করে দীর্ঘ সময় অপেক্ষায় থাকেন। কেউ টেলিফোন রিসিভ করেন না।

বাস্তবতা হলো প্রতি মিনিটে গড়ে ৪টি কল ফোন কল থাকে। একসাথে তা হ্যান্ডেল করা যায় না। তবে এখন আধুনিক প্রযুক্তি প্রয়োগ করে তার উন্নতির চেষ্টা করা হচ্ছে।

এক প্রশ্নের জবাবে তিনি বলেন, ভারতের মিডিয়াগুলো অনবরত বাংলাদেশের ব্যাপারে নেতিবাচক প্রচারণা চালাচ্ছে। তার প্রভাব পড়ছে স্টেট ডিপার্টমেন্ট ও এ দেশের মূলধারার রাজনীতিবিদদের মধ্যে। প্রেস মিনিস্টার হিসেবে এ সবের মোকাবেলা প্রতিনিয়ত করতে হচ্ছে।

আয়োজন সংগঠনে প্রতিষ্ঠাতা আহমেদ সোহেল ও রানিক মল্লিকের সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মূল ধারার রাজনীতিবিদ ও বিশিষ্ট আইটি বিশেষজ্ঞ মিজান চৌধুরী, কমিউনিটি এক্টিভিস্ট আমির হোসেন কামাল, সাংবাদিক হাকিকুল ইসলাম খোকন, নিউইয়র্ক-বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি মনোয়ারুল ইসলাম, কমিউনিটি এক্টিভিস্ট জে মোল্লা সানী, ইমতিয়াজ চৌধুরী, মোজাক্কিজ চৌধুরী, ডা. আমানুল্লাহ প্রমুখ।


ZILLUR TAX ACCOUNTING & INSURANCE SERVICES
• Tax Filing & Payroll
• IRS Audit Assistance
• Insurance &
• Real Estate Services
Zillur Rahim
EA, CAA, MBA
IRS Enrolled Agent
• OUR SERVICES
Personal Tax Filing
Business Tax Filing
New Business Setup
Home & Business Insurance
Immigration Services
ITIN Number Application
Notary Services
zillurincometaxnyc@gmail.com
www.zillurtaxandinsurance.com
Cell: 646-322-3254
Office: 718-374-3110
88-11 169 Street, 2nd Floor
Jamaica, NY 11432


IMMIGRATION
ইমিগ্রেশন
TRANSLATION
TAX FILING
Dilli R. Bhatta
Attorney at Law
Shamim Shahed
Certified Paralegal
Legal Investigator
• ইমিগ্রেশন • অ্যাসাইলাম
• অ্যাক্সিডেন্ট • পারসোনাল ইনজুরি
• ডিভোর্স (আনকনটেস্টেড)
631-805-1051
Primavera 37-07 74th Street, Suite #3
Jackson Heights, NY 11372
We Work with
BHATTA LAW & ASSOCIATES


www.careeracademyny.com
CAREER ACADEMY OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208

# Two Bangladeshi Students Killed in Florida

## Roommate is charged in their killing

**Ajkal Desk**





Two Bangladeshi Students Killed in Florida. Roommate is charged in their killing. Zamil Limon was last seen on the morning of April 16 at his home about three blocks from the University of South Florida campus in Tampa.

Nahida Bristy was last seen later that same morning at the Natural and Environmental Sciences building on campus.

They were both 27 and promising Bangladeshi doctoral students who started out as friends and over time developed feelings for each other — to the point they had thought about marriage, according to Limon's brother, Zubaer Ahmed.

Limon and Bristy were reported missing by a family friend on April 17, and as days went by, their friends in Florida and relatives abroad became increasingly desperate for answers.

On Friday, Limon was found dead on the Howard Frankland Bridge in Tampa in what Hillsborough County Sheriff Chad Chronister called "a deeply disturbing case that has shaken our community." Limon was killed by "multiple sharp force injuries," according to court documents filed Saturday in Hillsborough County Court.

His roommate has been charged with killing Limon and Bristy, whose body has not been found, the sheriff's office said. Prosecutors outlined the evidence against Hisham Abugharbieh in a motion for his pretrial detention, filed Saturday.

Their loss is being felt far from the Tampa Bay area. Both students had planned to travel to Bangladesh over their summer break.

Investigators called Bristy's family in Bangladesh to say they believed she may be dead, based on the amount of blood found in the apartment Limon shared with the suspect, Bristy's brother told CNN affiliate WTSP. CNN has reached out to her brother and the sheriff's office for details.

Limon's family told CNN they were anxiously waiting to learn what happened to the joyful, young researcher.

"It's devastating for us," Ahmed told CNN before his brother's body was found Friday. "We are in deep pain."

Limon and Bristy were among the more than 17,000 Bangladeshi students — an all-time high — enrolled in US institutions, according to the US Embassy in Bangladesh, citing the 2024 Open Doors Report on International Education Exchange. "Please keep my beloved brother in your prayers," Ahmed told CNN Saturday via text message.

**Limon was dedicated to his environmental studies**

Limon had been working on his thesis for the past two years, studying the uses of generative AI to monitor shrinking wetlands in South Florida, his brother said. Continued on page 26

# Man charged with attempted assassination of Trump in White House correspondents' dinner shooting



**Ajkal Desk**

The man who authorities say tried to storm the White House Correspondents' Association dinner with guns and knives was charged Monday with the attempted assassination of President Donald Trump as federal authorities suggested an attack that disrupted one of Washington's glitziest events had been planned for at least several weeks.

Cole Tomas Allen appeared in court to face federal charges after the chaotic encounter Saturday that resulted in shots being fired, Trump being hurried off the stage unharmed and guests ducking for cover underneath their tables. He was ordered to remain jailed pending additional court hearings, and faces up to life in prison if convicted of the assassination count alone.

An FBI affidavit filed in the case Monday revealed additional details about the planning behind the assault, with authorities alleging that Allen on April 6 reserved a room for himself at the Washington hotel where the event would be held weeks later under its typical tight security. He traveled by train cross-country from California last week, checking himself into the Washington Hilton one day before the dinner with a room reserved for the weekend.

The dinner had barely begun when officials say the 31-year-old Torrance, California, man tried to race past a security barricade near the cavernous ballroom holding hundreds of journalists and their guests, prompting an exchange of gunfire with Secret Service agents tasked with safeguarding the event. Allen carried with him a 12-gauge pump Continued on page 26




# Award-Winning Bass player A M M Newaj Sharif Builds Momentum in the U.S. with High-Impact Performances

**Ajkal Desk**



A M M Newaj Sharif, widely recognized by his professional name Bassman Newaj, continues to solidify his standing as a globally accomplished bass guitarist and stage performer as his influence grows across the United States music scene.

Following years of artistic success in Bangladesh and international markets, Sharif's recent activities in the United States have drawn increasing attention from industry professionals, audiences, and cultural institutions alike. His performances are distinguished by a refined blend of technical mastery and expressive depth, seamlessly integrating elements of rock, jazz, classical, pop, and world music traditions.

In 2025, Sharif participated in a major multi-city U.S. tour alongside the iconic Bangladeshi band Miles. The Legacy Tour USA 2025 served as a significant platform for introducing his musicianship to American audiences, where his dynamic stage presence and intricate bass arrangements were met with critical appreciation. Music observers noted his ability to elevate live performances through Continued on page 26

# Global military spending rises 2.9% despite US decline over Ukraine freeze

**Ajkal Desk**

Global military spending rose 2.9 percent in 2025 despite a 7.5 percent decline in the United States as President Donald Trump halted new financial military aid to Ukraine, a report by a conflict think-tank showed on Monday.

Expenditure increased to \$2.89 trillion in 2025, rising for the 11th consecutive year and taking spending as a share of global gross domestic product (GDP) to 2.5 percent - its highest level since 2009, according to the data from the Stockholm International Peace Research Institute (SIPRI).

"Given the range of current crises, as well as many states' long-term military spending targets, this growth will probably continue through 2026 and beyond," SIPRI said in the report.

The top three military spenders, the US, China and Russia, accounted for a combined \$1.48 trillion, or 51 percent of global spending.

US military spending fell to \$954 billion in 2025, mainly because no new financial military assistance for Ukraine was approved, the report said. In the previous three years, US military funding to Ukraine totalled \$127 billion.

"The decline in US military expenditure in 2025 is likely to be short-lived," SIPRI said. "Spending Continued on page 26



# Queens to host free fan World Cup watch party

**Shah Nawaz**


The Billie Jean King National Tennis Center will be the home of Queens' free fan zone event throughout the length of the upcoming World Cup tournament. File photo by Ajay Suresh/Wikimedia Commons

While a train trip to New Jersey and tickets to a World Cup match could run New Yorkers upwards of $1,000, they could instead take in the tournament free of charge at the city's fan zone in Queens.
Initially announced as a paid event in December, the Queens Fan Zone at the Billie Jean King National Tennis Center will be free to enter, Mayor Zohran Mamdani will announce Monday.
Throughout the length of the World Cup, which runs from June 11 to June 27, Queens soccer fans and visitors can head to the tennis stadium for live match watch parties, cultural events, and programming from local businesses.
The World's Borough watch party will also serve as the official flagship fan event in the New York–New Jersey area for the World Cup. Mamdani will officially announce free fan locations in all five boroughs alongside Governor Kathy Hochul on Monday. "When I think back on my first World Cup, some of my most meaningful memories weren't in the stadium, they were in the fan zones, surrounded by thousands of people brought together by a pure love of the game," Mamdani said in a statement. "That's what we're building here: a World Cup."
The mayor, a soccer fan himself, has called for efforts to make this summer's World Cup more affordable for New Yorkers dating back to his time on the campaign trail.
Maya Handa, Mamdani's World Cup czar, said the free events help meet that promise.
"By expanding free programming across all five boroughs, we are ensuring that local restaurants and small businesses share in the benefits of the World Cup," she said.
The announcement comes as locals and visitors alike lament the rising costs of transportation to and from MetLife Stadium, where matches in the New York–New Jersey area are being held. Last week, NJ Transit announced round-trip tickets Continued on page 26


Russian President Vladimir Putin and Iranian Foreign Minister Abbas Araqchi attend a meeting at the Boris Yeltsin Presidential Library in Saint Petersburg, Russia April 27, 2026. Dmitri Lovetsky/Pool via REUTERS

# Trump not happy with latest Iran proposal to end the war

**Ajkal Desk**



US President Donald Trump is unhappy with the latest Iranian proposal on resolving the two-month war, a US official said, dampening hopes for a resolution to the conflict that has disrupted energy supplies, fuelled inflation, and killed thousands.
Iran's latest proposal would set aside discussion of Iran's nuclear Programme until the war is ended and disputes over shipping from the Gulf are resolved.
That is unlikely to satisfy the US, which says nuclear issues must be dealt with from the outset, and Trump was unhappy with Iran's proposal for that reason, a US official briefed on the president's Monday meeting with his
Continued on page 24



# Bangladesh urges information integrity and inclusive global communication

**Shah Nawaz**

Bangladesh called for enhanced global efforts to ensure information integrity, combat misinformation and promote inclusive communication at the 48th session of the Committee on Information at United Nations Headquarters in New York today. Addressing the general debate of the committee that takes place annually at the UN headquarters and deals with global communication, public information, and outreach efforts, Bangladesh's Permanent Representative Ambassador Salahuddin Noman Chowdhury highlighted the growing challenges posed by misinformation, disinformation, hate speech and the misuse of artificial intelligence and digital platforms, which are fueling divisions and eroding trust across societies. He stressed the need for responsible use of information and Continued on page 24

